



ঢাকা দক্ষিণ সিটিতে জামায়াতের মেয়রপ্রার্থী সাদিক কায়েম



সাদিক কায়েম। ছবি: সংগৃহীত

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে মেয়র পদে প্রার্থী ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির পক্ষে এবার মনোনয়ন পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর সহসভাপতি (ভিপি) সাদিক কায়েম।

শুক্রবার (১ মে) সকালে রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে আয়োজিত ঢাকা মহানগর দক্ষিণ জামায়াতের কর্মী সম্মেলনে আনুষ্ঠানিকভাবে এই ঘোষণা দেওয়া হয়।

সম্মেলনে সাদিক কায়েম নিজেও উপস্থিত ছিলেন। এ সময় ঢাকা মহানগর দক্ষিণ জামায়াতের বিভিন্ন থানা ও বিভাগীয় পর্যায়ের দায়িত্বশীল নেতাকর্মীরাও অংশ নেন।

LENS ASIA